17

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 28 SEP 1995 ...
পৃষ্ঠা ... ৮ কলাম ... ৬ ...

# '৩৮' নম্বরের সহিত '১২' নম্বর যুক্ত হইবে

আনোয়ার আলদীন ॥ ঢাকা বোর্ডের ১৯৯৫ সালের এমএসসি পরীক্ষার ইংরেজী দ্বিতীয় পত্রের নৈর্ব্যক্তিক অংশের 'খ' সেটের পরীক্ষায় বিতর্কিত ঢালাও '৩৮' নম্বর প্রাপ্ত প্রায় ৬৫ হাজার ছাত্র-ছাত্রীর নম্বরের সহিত নূতন করিয়া অতিরিক্ত ১২ নম্বর যোগ করা হইবে। (৭ম পৃঃ দ্রঃ)

## ৩২ নম্বর

(১ম পৃঃ পর)

বোর্ডের একজন কর্মকর্তা জানান, এই ভুলের জন্য কম্পিউটার দায়ী নয়। পরীক্ষার কার্যে দায়িত্বরত কয়েকজন কর্মকর্তার অসচেতনতার কারণে এই ঢালাও '৩৮' নম্বর প্রদানের ঘটনা ঘটিয়াছে। তিনি জানান, তদন্ত সাপেক্ষে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হইবে। জানা গিয়াছে, ৩৮ নম্বরের সহিত নূতন করিয়া ১২ নম্বর যুক্ত হইলে কয়েকজন ছাত্র মেধা তালিকায় স্থান পাইতে পারে। তাহাদের ২৮শে সেপ্টেম্বর এস এস সি পরীক্ষার মেধাস্থান লাভকারীদের সরকারীভাবে সম্বর্ধনা জ্ঞাপনের পূর্বেই নূতন নম্বরপত্র দেওয়া হইবে। এই ব্যাপারে সংশ্লিষ্ট স্কুলগুলিতে বোর্ড হইতে প্রয়োজনীয় কাগজপত্র গতকাল প্রেরণ করা হইয়াছে। একটি সূত্র জানায়, প্রধানমন্ত্রীর নির্দেশে বোর্ড কর্তৃপক্ষ ৬৫ হাজার ছাত্র-ছাত্রীর প্রাপ্ত নম্বরের সহিত অতিরিক্ত ১২ নম্বর যোগ করার এই সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। এদিকে গতকাল ৩৮ নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের কিছুসংখ্যক অভিভাবক এক যুক্ত বিবৃতিতে ২৮শে সেপ্টেম্বর প্রধানমন্ত্রী কর্তৃক এসএসসিতে মেধা স্থান অর্জনকারীদের সম্বর্ধনা অনুষ্ঠান বয়কটের আহ্বান জানাইয়াছেন।